

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.০৭.০৭৬.২৪ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগার-এর অধীনে “Procurement of sprinklers, PVC thread pipes, pipe fittings and related services in front of High Lift Pump House at WTP.” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগার-এর অধীনে “Procurement of sprinklers, PVC thread pipes, pipe fittings and related services in front of High Lift Pump House at WTP.” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/৮/২৪ ৫:১২ অপরাহ্ন

শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিটের সমন্বয়ে পানি পরিশোধণ কাজ সার্বক্ষণিক সচল আছে। উল্লেখ্য যে, শোধনাগারটি প্রত্যন্ত অঞ্চলে যেখানে গাছপালা তথা সবুজ আচ্ছাদন না থাকায় বিশেষ করে গ্রীষ্মকালে এখানে অত্যধিক গরম অনুভব হয়। এছাড়া জলবায়ু পরিবর্তনজনিত বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধির কারণে অত্যধিক গরমে বাইরে কাজ করা অত্যন্ত দুঃসাধ্য ব্যাপার। তাই শোধনাগারের আওতায় উন্মুক্ত স্থানে মাস্টার প্ল্যান করে সমগ্র প্ল্যাটে সৌন্দর্য্যবর্ধন এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় বিভিন্ন প্রজাতির প্রায় বিশ সহস্রাধিক বনজ ও ফলজ গাছ লাগানো হয়েছে এবং নিয়োজিত জনবলের মাধ্যমে পরিচর্যা করে সার ও পানি দেয়া হচ্ছে। শোধনাগারের WTP ইউনিটের বিস্তৃত এরিয়া সকল গাছে পানি ছিটানোর কোন সু-ব্যবস্থা না থাকার কারণে বর্তমানে হোজ পাইপের মাধ্যমে পানি দেয়া হচ্ছে। এতেকরে অত্যধিক পরিশ্রম সময় লাগছে সর্বোপরি সুসমভাবে পানি দেয়া সম্ভব হচ্ছেনা। নিয়মিত ও সুসমভাবে পানি দেয়ার নিমিত্তে বিভিন্ন আকারের হোস পাইপ, থ্রেড পাইপ অন্যান্য ফিটিংস এবং সর্বোপরি স্বয়ংক্রিয়ভাবে সেচের জন্য স্প্রিংকলার স্থাপন করা প্রয়োজন। প্ল্যাটের সমগ্র জায়গায় স্প্রিংকলার স্থাপন করার জন্য একটি মাস্টার প্ল্যান করে লে-আউট প্রস্তুত করা হয়েছে। উক্ত লে-আউট মোতাবেক WTP ইউনিটের হাই লিফট পাম্প হাউজ বিল্ডিং এর সামনে স্প্রিংকলার স্থাপন করার প্রস্তাবনা পেশ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় “Procurement of sprinklers, PVC thread pipes, pipe fittings and related services in front of High Lift Pump House at WTP.” শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। ১. ল্যান্ড স্কেপিং লে-আউট প্ল্যান.pdf
- ২। ২. স্প্রিংলার ও অন্যান্য মালামালের ছবি.pdf
- ৩। ৩. পূর্বানুমোদিত দরের কপি.pdf
- ৪। ৪. বিভাগীয় প্রাক্কলন.pdf
- ৫। ৫. ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত কর্মপরিকল্পনা.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/৮/২৪ ৫:১৬ অপরাহ্ন

শোধনাগারের WTP ইউনিটের হাই লিফট পাম্প হাউজ বিল্ডিং এর সামনে নিয়মিত ও সুসমভাবে পানি দেয়ার নিমিত্তে বিভিন্ন আকারের হোস পাইপ, থ্রেড পাইপ অন্যান্য ফিটিংস এবং সর্বোপরি স্বয়ংক্রিয়ভাবে সেচের জন্য স্প্রিংকলার স্থাপন করার লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের আলোকে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে প্রাক্কলনের পরিমান দাঁড়িয়েছে সর্বমোট ২৪,৯৮,৯২৪.৪২৫/= (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার নয়শত চব্বিশ দশমিক চার দুই পাচ) টাকা। আলোচ্য কাজটি পিপিএ ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) e-GP তে দরপত্র আহবানের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের Water Sewer Plant (O&M) খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-74, প্যাকেজ নং-APP/24-25/G/59) নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে (ক্রমিক নং-৬)।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/৮/২৪ ৫:২৪ অপরাহ্ন


এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে শোধনাগারের WTP ইউনিটের হাই লিফট পাম্প হাউজ বিল্ডিং এর সামনে নিয়মিত ও সুসমভাবে পানি দেয়ার নিমিত্তে বিভিন্ন আকারের হোস পাইপ, থ্রেড পাইপ অন্যান্য ফিটিংস এবং সর্বোপরি স্বয়ংক্রিয়ভাবে সেচের জন্য স্প্রিংকলার স্থাপন করার নিমিত্তে “Procurement of sprinklers, PVC thread pipes, pipe fittings and related services in front of High Lift Pump House at WTP.” কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।


খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ৮,২৪,৯৮,৯২৪.৪২৫/= (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার নয়শত চব্বিশ দশমিক চার দুই পাচ) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগারের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের Water & Sewer Plant (O&M) খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-74, প্যাকেজ নং-APP/24-25/G/59) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।



১৩/৮/২৪ ৮:৪২ অপরাহ্ন
মিল্টন তঞ্চঙ্গ্যা
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



১৩/৮/২৪ ৮:৪৩ অপরাহ্ন
মাহমুদ রিয়াদ
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পদ্মা পানি শোধনাগার




১৪/৮/২৪ ৬:৩৯ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

১৪/৮/২৪ ৬:৩৯ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৫/৮/২৪ ৩:২৭ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2



১৫/৮/২৪ ৩:২৭ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল


১৫/৮/২৪ ৩:২৭ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৫/৮/২৪ ৭:২৯ অপরাহ্ন

Okay



১৫/৮/২৪ ৭:২৯ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)




১৫/৮/২৪ ৯:০৩ অপরাহ্ন
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১৫/৮/২৪ ৯:০৩ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৬/৮/২৪ ১২:৫৯ পূর্বাহ্ন


e-GP তে দরপত্র আহবানের ব্যবস্থা নিন।



১৬/৮/২৪ ১২:৫৯ পূর্বাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার



১৬/৮/২৪ ১২:৫৯ পূর্বাহ্ন
মাহমুদ রিয়াদ
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)
পদ্মা পানি শোধনাগার



১৬/৮/২৪ ১২:৫৯ পূর্বাহ্ন
মিল্টন তঞ্চঙ্গ্যা
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার